

গবেষণায় অংশগ্রহণকারীদের

অধিকারের তালিকা

এই অধিকারগুলি হল চিকিৎসা সংক্রান্ত গবেষণা পর্যালোচনায় অংশগ্রহণ করতে বলা প্রত্যেকটি ব্যক্তির অধিকার। গবেষণায় অংশগ্রহণকারী হিসাবে, আমার নিম্নলিখিত অধিকারগুলি আছে:

1. আমার অধিকার আছে গবেষণাটি কি খুঁজে বার করার চেষ্টা করছে সেটা জানার।
2. আমার অধিকার আছে সমস্ত গবেষণা পদ্ধতি, ওষুধ, এবং/অথবা পরিকল্পনা সম্বন্ধে জানার এবং এটাও জানার যে এগুলির মধ্যে কোনটি স্বীকৃত ব্যবহৃত পদ্ধতি থেকে ভিন্ন কি না।
3. আমার অধিকার আছে গবেষণার কারণে কোনও ঝুঁকি, অস্বাচ্ছন্দ্য অথবা পার্শ্ব প্রতিক্রিয়া যুক্তিসঙ্গতভাবে ঘটানোর সম্ভাবনা আছে কি না সেটা জানার।
4. আমার অধিকার আছে এটা জানার যে অংশগ্রহণ করার জন্য কোনও সুযোগ-সুবিধা যদি থাকে, তবে আমি সেগুলি যুক্তিসঙ্গতভাবে পাওয়ার আশা করতে পারি কি না।
5. আমার অধিকার আছে আমার পক্ষে আর কি বিকল্প আছে সেটা জানার এবং সেই বিকল্পগুলি গবেষণায় অংশগ্রহণ করার চেয়ে ভালো না খারাপ। এই বিকল্পগুলির মধ্যে অন্য পদ্ধতি, ওষুধ অথবা পরিকল্পনা অন্তর্গত।
6. আমার জানার অধিকার আছে গবেষণার দ্রুপ যদি কোনও জটিলতার সৃষ্টি হয়, তাহলে কি ধরনের চিকিৎসা পাওয়া যাবে।
7. আমার অধিকার আছে গবেষণার অথবা পদ্ধতির ব্যাপারে প্রশ্ন করার সুযোগ পাওয়ার। আমি এই প্রশ্নগুলি গবেষণা শুরু হওয়ার আগে অথবা গবেষণা চলা কালীন যে কোনও সময় করতে পারি।
8. আমার অধিকার আছে গবেষণায় অংশগ্রহণ করতে অস্বীকার করার অথবা যে কোনও সময় সেটা বন্ধ করে দেওয়ার। আমার এই সিদ্ধান্ত আমার পরিষেবা অথবা ডাক্তারের সঙ্গে বা এই প্রতিষ্ঠানের সঙ্গে আমার সম্পর্ক কোন ভাবেই প্রভাবিত করবে না।
9. আমার অধিকার আছে গবেষণার স্বাক্ষরিত তারিখ দেওয়া লিখিত সম্মতি ফর্ম-এর একটি কপি পাওয়ার।
10. আমার অধিকার আছে গবেষণায় আমি অংশ নেবো কি না সেই সিদ্ধান্ত নেওয়ার সময় কোনও রকম চাপের থেকে মুক্ত থাকার।

আমার যদি কোনও প্রশ্ন অথবা উদ্বেগ থাকে আমি সেটা গবেষক অথবা গবেষণা সহকারীকে জিজ্ঞাসা করতে পারি। অফিস ফর দা প্রোটেকশন অফ রিসার্চ সাবজেক্ট (ও.পি.আর.এস.)-এর সাথেও আমি যোগাযোগ করতে পারি, যারা গবেষণা পর্যালোচনায় অংশগ্রহণকারীদের নিরাপত্তায় সাহায্য করে। আমি ও.পি.আর.এস.-এর সাথে 310-825-5344 ফোন নম্বরে সোমবার থেকে শুরুর সন্ধ্যা 8.00ট থেকে বিকাল 5.00টার মধ্যে যোগাযোগ করতে পারি। আমি যদি এই অফিস-এর সাথে যোগাযোগ করি এবং ইংরাজি অথবা স্প্যানিশ বলতে না পারি, আমার সঙ্গে এমন একজনকে থাকতে হবে যে আমার হয়ে দোভাষীর কাজ করতে পারবে। আমি এই ঠিকানায় লিখতেও পারি OHRPP, 11000 Kinross Avenue, Suite 102, Box 951694, Los Angeles, CA 90095-1694.